

Ref. No. :

F.No.7(6)TCW/Press Release /2022/836

Date :

DATED : 01 /06/2023.

প্রেস রিলিজ

“ মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ ” প্রতিহত করা এবং একে শূণ্যের কোঠায় নামিয়ে আনার লক্ষ্যকে সামনে রেখে ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে রাজ্যের সমস্ত জেলায় আয়োজিত সচেতনতা সভার সমাপ্তি হয়েছে গতকাল অর্থাৎ ৩১/০৫/২০২৩ ইং দক্ষিণ ত্রিপুরা জেলার সার্কিট হাউসে সংগঠিত হওয়া সচেতনতা সভার মাধ্যমে।

এই সচেতনতা সভাতে মহিলা কমিশনের পক্ষ থেকে উপস্থিত ছিলেন কমিশনের মাননীয় চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী , ভাইস-চেয়ারপার্সন শ্রীমতী অস্মিতা বনিক এবং মাননীয় সদস্য শ্রীমতী ডালিয়া সিংহ মহোদয়া ।

আমন্ত্রিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জিলা সভাধিপতি, জিলা সহ-সভাধিপতি, জিলার সদস্য-সদস্যা, আরক্ষা দপ্তর এবং সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিকগন, বার কাউন্সিলের পাবলিক প্রসিকিউটর , এসিসটেন্ট পাবলিক প্রসিকিউটর সহ অন্যান্য সরকারি আইনজীবীগন, এনজিওর প্রতিনিধি, সেলফ-হেল্প গ্রুপের সদস্য এবং বিশিষ্ট সমাজসেবীগন ।


সভাতে অংশগ্রহন করে সকলেই নিজ নিজ মত ব্যক্ত করেন ও কাজ করার ক্ষেত্রে কখনো কোনো অনভিপ্রেত বা জটিল পরিস্থিতি সৃষ্টি হলে কিভাবে অন্যকে দোষারোপ না করে পারস্পারিক সহযোগিতার মাধ্যমে তা নিরসন করা যায় সেই সম্পর্কে মতবিনিময় করেন।

গনতন্ত্রের চতুর্থ স্তম্ভ, জনসাধারণের মুখ ও সমাজের দর্পন হিসাবে পরিচিত “ সংবাদ মাধ্যম ”-এর প্রতিনিধিদের সভাতে স্বতঃস্ফূর্ত অংশগ্রহন ও নিজস্ব স্বব্য উপস্থাপন সচেতনতা সভাগুলিকে এক অন্যমাত্রা প্রদান করে।

কমিশনের মাননীয় চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী দৃঢ় আশাবাদী যে এভাবেই সকলের সহযোগিতা ও পারস্পারিক অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে একযোগে কাজ করে আমরা আমাদের সকলের প্রিয় ত্রিপুরা রাজ্যকে অপরাধমুক্ত, নেশামুক্ত, এক শ্রেষ্ঠ রাজ্য গড়ে তুলব।

তিনি বর্তমান সময়ে জনপ্রশাসন, পুলিশ ও সংবাদমাধ্যমের স্বাধীন ও নিরপেক্ষ ভাবে দায়িত্ব পালনের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন । সকলকে কমিশনের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে আগামীদিনেও এভাবেই পাশে থাকার আহবান রাখেন।

সময়ের দাবী মেনে আসন্ন সময়ে এই ধরনের সচেতনতা সভাগুলি সমাজের ত্বনমূলস্তরে সংঘটিত করতে কমিশন দৃঢ় প্রত্যয়ী বলে জানান মহিলা কমিশনের মাননীয় চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী ।


1/6/23

সদস্য

ত্রিপুরা মহিলা কমিশন।